

A-14/EVEN/BNGP-601/013

২০১৪

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পর্ব, ২০১৪

বাংলা

(পাশ কোর্স)

(ষষ্ঠ ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGP-601

[আধুনিক বাংলা কথাসাহিত্য]

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। হাঁসুলী শব্দের অর্থ কি? ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছিল? ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসটিকে মহাকাব্যিক উপন্যাস বলা যায় কি না, আলোচনা করো।

১+১+১+১১=১৪

অথবা

তারাশঙ্করের প্রথম উপন্যাস কোনটি ও উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছিল? ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসে বিধৃত নিসর্গ প্রকৃতি সম্পর্কে আলোচনা করো।

১+১+১২=১৪

- ২। ‘শান্তি’ গল্পে চন্দরার স্বামীর নাম কি ছিল? ‘কোফা প্রজা’ শব্দটির অর্থ কি? চন্দরার শেষ ইচ্ছে কি ছিল? ‘শান্তি’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

১+১+১+১১=১৪

অথবা

“কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল, সে মরে নাই।” কাদম্বিনী কে? তাঁর বাড়ি কোথায়? কার সঙ্গে তাঁর স্নেহের বন্ধন ছিল? এই গল্পে জীবিতের সঙ্গে মৃতের যে দ্বন্দ্ব কাদম্বিনী চরিত্রকে কেন্দ্র করে গড়ে উঠেছে সে সম্পর্কে আলোকপাত করো।

১+১+১+১১=১৪

- ৩। “মহৎ ঔপন্যাসিকের মতোই তারাশঙ্কর দেশজ রাগ রীতির উপর তাঁর আশ্চর্য অধিকারকে শুধু সপ্রমাণই করেননি, তাকে শিল্প-শুদ্ধও করে তুলেছেন।” মন্তব্যটির আলোকে ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসটি বিচার করো।

১৪

অথবা

রবীন্দ্র ছোটগল্পে নগর সভ্যতা বনাম পল্লীজীবনের যে সূক্ষ্ম দ্বন্দ্ব ফুটে উঠেছে, তোমার পাঠ্যতালিকাভুক্ত গল্প অবলম্বনে তা প্রমাণ করো।

১৪

- ৪। টীকা লেখো (যে কোনো দুটি) :

৪X২=৮

(ক) ‘হাঁসুলী বাঁকের উপকথা’য় ‘ভাঁজোর পরব’

(খ) ‘একরাত্রি’ গল্পের নায়কের কলকাতার কর্মকাণ্ড

(গ) নসুবাবা চরিত্র

(ঘ) শৈলবালা চরিত্র
